ভোরের কাগজ

তারিখ ...........

পৃষ্ঠা ২ কলাম ৬

# ভিকারুননিসা ইউনিভার্সিটির স্বাভাবিক কার্যক্রম শনিবার থেকে শুরু

**কাগজ প্রতিবেদক :** ভিকারুননিসা ইউনিভার্সিটির স্বাভাবিক কার্যক্রম আগামী ৯ নভেম্বর ২০০২ থেকে পুনরায় শুরু হচ্ছে। শরৎকালীন ক্লাস শুরু হবে আগামী ১০ নভেম্বর থেকে।

গতকাল বুধবার ইউনিভার্সিটির রেজিস্ট্রার এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, সংশ্লিষ্ট সেমিস্টারের সকল বিভাগের ছাত্রীদের 'অপরাজিতা' ভবনের ২০৩ নং কক্ষে উপস্থিত থেকে এডভাইজিং সম্পন্ন করতে হবে।

একই সঙ্গে চতুর্থ সেমিস্টারে (শরৎকালীন সেমিস্টার ২০০২) ভর্তি হওয়ার জন্য যেসব মেয়েরা আবেদন করেছিল ও যারা আবেদনপত্র ক্রয় করেছিল এবং যারা এখনো ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে আগামী ১৪ নভেম্বর বিকাল ৫টার মধ্যে ভিকারুননিসা ইউনিভার্সিটির এডমিশন অফিসে যোগাযোগের জন্য অনুরোধ করা হয়েছে।